

Welland Gouldsmith School, Patuli

Class -VII

Subject - 2nd language Bengali

Session- 2020-2021

পদ্য:- 'বাসনা' - করুণানিধান বন্দ্যোপাধ্যায়

কবিতার নাম - 'বাসনা'

কবির নাম - করুণানিধান বন্দ্যোপাধ্যায়

পদ্যের সারসংক্ষেপ:-

রবীন্দ্র অনুরাগী কবি হিসেবে কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের বেশি খ্যাতি রয়েছে। তাঁর কাব্য সাহিত্যে আছে সুমধুর লালিত্য। তিনি আমাদের পাঠ্য 'বাসনা' কবিতাটি রচনা করেছেন।

আলোচ্য কবিতায় কবি গ্রাম বাংলার প্রকৃতি ও সেখানকার সহজ-সরল মানুষ গুলির নিত্যকর্মের বর্ণনা দিয়েছেন। গ্রাম্য মানুষগুলি তাদের পর্ণকুটির থেকে ধানের মাঠে আলিপথ দিয়ে ছুটে যায়। সেই গ্রামে বনের মাথায় আঁধার ফুঁড়ে আকাশে শুকতারা দেখা যায়। সেখানে পাখির মিষ্টি মধুর গানে প্রাণ জুড়িয়ে যায়। কবি বলেছেন এরা অর্থাৎ গ্রামের মানুষেরা আদুল অর্থাৎ খালি গায়ে নৌকায় পাল তুলে দিয়ে মাঝ গঙ্গায় মাছ ধরার জন্য জাল ফেলবে। সেখানে গাঙচিলেরা ঝাঁকে ঝাঁকে ভাঙা পাড়ের ঝাঁকে উড়ে যাবে এবং মেঘের ছায়ায় ছায়ায় চাতক পাখি 'ফটিক জল' বলে ডেকে বেড়াবে। কবি বলেছেন বর্ষার আগমনে শিল কুড়িয়ে কবি 'মোয়া' বাঁধবেন। যখন কড় কড় করে মেঘ ডাকবে তখন লাঙল দিয়ে জমি চাষ করে তাতে আমন ধান রোয়া বা রোপণ করা হবে। সেই সময় অঝোর ধারার বৃষ্টি বাঁশের বনকে উত্তাল করে তুলবে। তখন পাঁকুর, তেঁতুল, ঝাউগাছ বৃষ্টির তোড়ে নুয়ে পড়বে। কবি বলেছেন আবার যখন রোদ উঠবে তখন কামার শালায় গ্রামের সেই মানুষগুলি আগুন জ্বালিয়ে জাঁতার দড়ি টানবে। নেহাই দিয়ে লোহা যখন পেটানো হবে তখন আগুনের ফুলকিতে চারিদিক আলোয় ভরে উঠবে। কবি গ্রাম বাংলার মানুষের এইসব নিত্যকর্মের বর্ণনা দিয়েছেন আলোচ্য কবিতায়।

Worksheet

১। পদ পরিবর্তন করো:

- ক) সরল -
- খ) বন -
- গ) মাঠ -
- ঘ) ধান -
- ঙ) আলো -

২। বিপরীত শব্দ লেখ:

- ক) সরল -
- খ) আঁধার -
- গ) দূরে -
- ঘ) আলো -

৩। নিচের শব্দগুলির অর্থ লিখে বাক্যে প্রয়োগ করো:

- ক) পর্ণকুটির -
- খ) ফুঁড়ে -
- গ) দেয়া -
- ঘ) আঁধার -
- ঙ) আলিপথে -
- চ) বাসনা -
- ছ) মুষলধারা -

৪। সঠিক উত্তর দাও:

- ক) 'বাসনা' কবিতাটির রচয়িতা -----
(১) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (২) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (৩) করুণানিধান বন্দ্যোপাধ্যায়।
- খ) কবি ছুটবেন -----
(১) গলিপথে (২) আলিপথে (৩) রাজপথে।
- গ) কান জুড়াবে -----
(১) মাঝির গানে (২) পাখির গানে (৩) ভ্রমরের গুঞ্জে।

ঘ) চাতকপাখি ডাকবে -----

(১) দিঘীর জল (২) নদীর জল (৩) ফটিক জল।

৫। বাঁদিকের বাক্যাংশের সঙ্গে ডানদিকের বাক্যাংশ মেলাও:

বাঁদিক	ডানদিক
ক) মাঝ গঙ্গায় ফেলব	জাঁতার দড়ি
খ) কড় কড় কড় ডাকলে দেয়া রুয়ে আসব	কামারশালে
গ) কয়লা গুলো রাঙিয়ে টানব	জাল
ঘ) পিটব লোহা	আমন
ঙ) বসব গিয়ে রৌদ্র এলে	নেহাই দিয়ে।

৬। অতি-সংক্ষিপ্ত প্রশ্নাবলি:

- ক) কবি মাঠের হাওয়ায় কোথায় ছুটে যাবেন?
- খ) উদাস আদুল গায়ে কবি কী করবেন?
- গ) গাঙচিলেরা ঝাঁকে ঝাঁকে কোথায় উড়বে?
- ঘ) শিল কুড়িয়ে কবি কী বাঁধবেন?
- ঙ) আকাশভাঙা মুষলধারা কোথায় তোলপাড় তোলে?
- চ) শুকতারা আকাশের কোন্ দিকে দেখা যায়?

৭। সংক্ষিপ্ত প্রশ্নাবলি:

- ক) কবি কোথা থেকে বের হবেন ও কোথায় ছুটবেন?
 - খ) শুকতারাটি আঁধার ফুঁড়ে কোথায় উঠবে ও কবির কান জুড়াবে কিভাবে?
 - গ) গাঙচিল ও চাতক পাখি কি করবে?
 - ঘ) মেঘ ডাকলে কবি কি করতে চেয়েছেন?
 - ঙ) কবি কামারশালে বসে কি কি করবেন?
-